



# বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি

ঢাকা মহানগর কমিটি

৩১/এফ, তোপখানা রোড, ঢাকা-১০০০। ফোন : ৮৮-০২২২৩৩৮৭৯৭৫, ফ্যাক্স : ৮৮-০২২২৩৩৮৪৬৩২

ই-মেইল : [wpartymail@gmail.com](mailto:wpartymail@gmail.com) [www.wpbd71.org](http://www.wpbd71.org)

তারিখ : ২৯ অক্টোবর ২০২১

## শোক বিবৃতি

### কমরেড আলমগীর রনি আর নেই

-----ওয়ার্কার্স পার্টি, ঢাকা মহানগর

বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির অন্যতম সংগঠক কমরেড আলমগীর রনি আর নেই। গতকাল রাতে তিনি মুগদা হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। মৃত্যুর পর তাঁর মৃতদেহ গ্রামের বাড়ী ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা উপজেলায় নিয়ে যাওয়া হয়।

আজ এক শোক বিবৃতিতে বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির ঢাকা মহানগর সভাপতি কমরেড আবুল হোসাইন ও সাধারণ সম্পাদক কমরেড কিশোর রায় এ তথ্য দিয়েছেন। বিবৃতিতে নেতৃত্ব বলেন, কমরেড আলমগীর রনি একজন সৎ, নিষ্ঠাবান ও নিবেদিতপ্রাণ সংগঠন ছিলেন। ওয়ার্কার্স পার্টি ছাড়াও কমরেড রনি এদেশের গার্মেন্টস শ্রমিকদের অধিকার আদায়ের সংগ্রাম নিয়োজিত ছিলেন। তিনি গণতান্ত্রিক গার্মেন্টস শ্রমিক কর্মচারি ফেডারেশনের সভাপতি ছিলেন। তিনি ২০১৯ সালে বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির রাজনৈতিক আদর্শে উদ্ধুদ্ধ হয়ে গণতান্ত্রিক মজদুর পার্টি থেকে ওয়ার্কার্স পার্টিতে যোগ দিয়েছিলেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬০ বছর। মৃত্যুকালে তিনি পরিবার পরিজন সহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। তাঁর মৃত্যুতে ওয়ার্কার্স পার্টি একজন সৎ নিবেদিতপ্রাণ সংগঠককে হারালো। নেতৃত্ব একই সাথে কমরেড রনির শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর শোক ও সমবেদনা জানিয়েছেন।

বার্তা প্রেরক

(কাজী আনোয়ারুল ইসলাম টিপু)

মোবাইলঃ ০১৭১২০১০৪২৩